# দুর্ঘটনা নীতিমালা ও পদ্ধতি (Accident / Injury Policy & Procedure)

| ডকুমেন্ট নং (Document No) | ইস্যু তারিখ (Issue Date) | রিভিশন নং (Revision No) | রিভিশন তারিখ (Revision Date) | অনুমোদনকারী (Approved By) |
|---|---|---|---|---|
| | | | | |

গার্মেন্টস শিল্প বাংলাদেশে একটি অনন্য রপ্তানীমুখী প্রতিষ্ঠান। একবিংশ শতাব্দীর সূচনা লগ্নে এই শিল্পের উত্তরোত্তর প্রসার ও ব্যাপ্তি বেশ উৎসাহব্যাঞ্জক। বর্তমানে বাংলাদেশের গার্মেন্টস খাতে ------------ Group নিজ গুণ ও কর্ম দক্ষতায় দোদীপ্যমান একটি সক্রিয় গ্রুপ। এই গ্রুপের উত্তরোত্তর উন্নতিকল্পে এবং প্রতিটি ফ্যাক্টরীর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে একটি সুন্দর ও নিরাপদ কাজের পরিবেশ সৃষ্টি করতে ------------ Group কর্তৃপক্ষ দৃঢ় প্রতিজ্ঞ। আর সেই লক্ষ্যেই একটি সুষ্ঠু ও পরিপূর্ণ স্বাস্থ্য - নিরাপত্তাকেন্দ্রিক দুর্ঘটনানীতি প্রনয়ন করেছে।

**উদ্দেশ্য (Objective)** ------------গ্রুপের প্রতিটি ফ্যাক্টরীর জন্য একটি সু-পরিকল্পিত বাস্তবতা সম্পন্ন স্বাস্থ্য - নিরাপত্তা দুর্ঘটনা নীতি প্রণয়ন করা। আর সেই লক্ষ্যে কর্তৃপক্ষের উদ্দেশ্য গুলো নিম্নে আলোকপাত করা হলঃ

ক) ফ্যাক্টরীতে ভালো ভাবে কাজ করার একটি স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি করা।
খ) ফ্যাক্টরীর শ্রমিকদের সর্বোচ্চ স্বাস্থ্য নিরাপত্তা প্রদান করা ।
গ) ফ্যাক্টরীর সকল সেকশনের সম্ভাব্য ঝুঁকিগুলো চিহ্নিত করে তা সুন্দভাবে প্রতিকারের ব্যবস্থা করা।
ঘ) সম্ভাব্য ঝুঁকি সম্মন্ধে ফ্যাক্টরীর প্রতিটি ষ্টাফ ও শ্রমিককে স্বাস্থ্য সচেতন করে তোলা।
ঙ) স্বাস্থ্যবিধি মোতাবেক প্রতিটি শ্রমিকের জন্য প্রয়োজনীয় হাসপাতাল, ডাক্তার ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা।
চ) ফ্যাক্টরীর প্রতিটি শ্রমিকের জান ও মালের নিরাপত্তা নিশ্চিত করা।
ছ) অনাকাঙ্খিত বৈদ্যুতিক ও অগ্নি দুর্ঘটনার জন্য পর্যাপ্ত প্রতিরোধ ব্যবস্থা, প্রশিক্ষণ ও নিয়মিত অনুশীলন করা।

**পরিধি ঃ** দীপ্ত গার্মেন্টস লিঃ এর সকল বিভাগ, সেকশন এর সকল শ্রমিক কর্মচারী এবং কর্মকর্তাগণ এর অর্ন্তভুক্ত হইবেন।

**পলিসি বাস্তবায়নে করনীয় ঃ** দুর্ঘটনানীতি প্রনয়নে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহন করা হবে।

**১) মেডিকেল সুবিধা ঃ** ------------গ্রুপের এর সকল সেকশনের সকল শ্রমিকের জন্য সম্পূর্ণ বিনামূল্যে মেডিকেল সুবিধা রয়েছে এবং উক্ত মেডিকেল রুমে দায়িত্বপ্রাপ্ত এমবিবিএস ডাক্তার সকল কর্মসময়ের জন্য দায়িত্বে থাকেন এবং শ্রমিকদের চিকিৎসা সুবিধা প্রদান করেন। ডাক্তার এর পাশাপাশি প্রশিক্ষণপ্রাপ্ত প্যারামেডিক দায়িত্ব পালন করে থাকেন যাহারা শ্রমিকদের সাধারণ শারিরিক অবস্থা পর্যবেক্ষণ করেন।

এছাড়া বড় ধরনের দুর্ঘটনার ক্ষেত্রে ------------গ্রুপ - সাভার জোনের সাথে এনাম মেডিকেল এর চিকিৎসা সুবিধা চুক্তি করা আছে সেখান থেকে সকল শ্রমিক কর্মচারী ৩০% কমে চিকিৎসা সুবিধা পেয়ে থাকে।

**২) এম্বুলেন্স সুবিধা ঃ** ফ্যাক্টরীর প্রয়োজনে এ্যাম্বুলেন্স-এর বিষয়টি কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে। বিকল্প ও তড়িৎ ব্যবস্থার জন্য কোম্পানীর মাইক্রোবাসগুলো প্রয়োজনীয় সহায়তা প্রদান করে।

**৩) সম্ভাব্য ঝুঁকির উৎস চিহ্নিতকরণ এবং ব্যবস্থা গ্রহণ** ঃ সুন্দর কর্মপরিবেশ নিশ্চিতকরণে দায়িত্বপ্রাপ্ত সেফটি অফিসার ফ্যাক্টরীর সকল দুর্ঘটনার সম্ভাব্য উৎসগুলো চিহ্নিত করেন এবং সেগুলোর সমাধানে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহন করেন।

**৪) পরিস্কার পরিছন্নতা এবং হাউজকিপিং রক্ষণাবেক্ষণ ঃ** সুষ্ঠু কাজের পরিবেশ সৃষ্টির জন্য ফ্যাক্টরীর আভ্যন্তরীণ ও পারিপার্শ্বিক পরিস্কার পরিচছন্নতা একান্ত প্রয়োজন। ফ্যাক্টরীর বিভিন্ন সেকশন, সিঁড়ি ও যাতায়াতের স্থান সার্বক্ষণিক পরিস্কারের ব্যবস্থা রাখতে হবে এবং সপ্তাহে অন্ততঃ একবার জীবাণু নাশক দিয়ে ধৌত করতে হবে। কর্মস্থলের দেয়াল ও কার্নিশ প্রয়োজনানুযায়ী বছরে অন্ততঃ একবার রং করতে হবে। শ্রমিকদেরকে সচেতন করার লক্ষ্যে ফ্যাক্টরীর বিভিন্ন স্থানে পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত বিভিন্ন লিফলেট টানাতে হবে।

**৫) খাবার পানি ঃ** ফ্যাক্টরীতে কর্মরত শ্রমিকদের জন্য প্রয়োজনীয় পান করার বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে হবে। পাত্রে রক্ষিত পানি অবশ্যই টয়লেট এবং বেসিন থেকে কম পক্ষে ২০ ফুট দূরে থাকবে এবং বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার জন্য প্রয়োজনীয়

প্যারামিটার বছরে ০১ বার সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান থেকে পরীক্ষা করতে হবে। পানির পাত্রগুলি ফ্যাক্টরীর বিভিন্ন সুবিধাজনক স্থানে রাখতে হবে। যেন শ্রমিকরা সেখানে বসে প্রয়োজনীয় পানি পান করতে পারে।

**৬) পায়খানা ও প্রস্রাব খানা ঃ** ফ্যাক্টরীতে কর্মরত শ্রমিকদের সংখ্যার অণুপাতে প্রয়োজনীয় সংখ্যক পৃথক পুরুষ ও মহিলা টয়লেট থাকবে। টয়লেটের বেসিনে ও পানি নির্গমনের স্থানে সুগন্ধি নেপথলিন ব্যবহার করতে হবে এবং প্রয়োজনীয় তোয়ালে, লিকুইড সাবান, বদনা ও ওয়েষ্টেজ পেপার বাস্কেট থাকবে। সার্বক্ষণিক পানির ব্যবস্থা সহ মহিলা টয়লেটে ঢাকনাযুক্ত ওয়েষ্টেজ পেপার বাস্কেট থাকবে। প্রতিটি টয়লেটে প্রয়োজনীয় সংখ্যক স্পিলার থাকবে যেগুলো শ্রমিকরা শুধু টয়লেটের ভেতরে ব্যবহার করবে।

**৭) অতিরিক্ত ভীড় ঃ** প্রতিটি শ্রমিকের কাজের সুবিধার জন্য কোন অবস্থাতেই যেন অতিরিক্ত ভীড় (Over Crowded) না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। প্রতিটি শ্রমিকের চারিপার্শ্বে অন্ততঃ ৯.৫ কিউবিক মিটার জায়গা ফাঁকা থাকতে হবে। তাছাড়া প্রয়োজনীয় যন্ত্রপাতি, টেবিল ও অন্যান্য দ্রব্যাদি এমন ভাবে রাখতে হবে যেন প্রতিটি শ্রমিক প্রয়োজনীয় খোলামেলা পরিবেশে স্বাচ্ছন্দে কাজ করতে পারে।

**৮) দুর্ঘটনা রেজিস্টার এবং দুর্ঘটনা বিশ্লেষণ ঃ** মেডিকেল সেন্টারে একটি করে দুর্ঘটনা রেজিস্টার থাকবে এবং সেখানে সংঠিত সকল ধরণের দুর্ঘটনা লিপিবদ্ধ থাকবে। উক্ত দুর্ঘটনা রেজিস্টার এর প্রতিমাসে সংগঠিত বিবরণ বাংলাদেশ কারখানা অধিদপ্তরে (আইন অনুযায়ী) প্রেরন করতে হবে। উক্ত দুর্ঘটনার রেজিস্টার এর আলোকে প্রতিমাসে একটি দুর্ঘটনা বিশ্লেষন প্রতিবেদন তৈরি করতে হবে এবং উক্ত সেকশন / বিভাগে প্রশিক্ষন প্রদান করতে হবে । এছাড়া প্রতি বছরে দুই বার প্রতিটি সেকশনে সম্ভাব্য দুর্ঘটনার কারণ এবং এর প্রতিকার সমন্ধে সকলকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।

| প্রস্তুতকারী (Prepared By) | অনুমোদনকারী (Approved By) | অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature) | সীল (Seal) |
|---|---|---|---|
| | | | |